# নজরুল ইসলামের নেতৃত্বে সিইসির সঙ্গে বৈঠকে বিএনপি



নির্বাচন কমিশনে বিএনপি প্রতিনিধি দল। ছবি: সংগৃহীত

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিনের সঙ্গে বৈঠক করেছে বিএনপির চার সদস্যের প্রতিনিধি দল, যার নেতৃত্ব দেন স্থায়ী কমিটির সদস্য ও নির্বাচন পরিচালনা কমিটির প্রধান নজরুল ইসলাম খান।

আজ রোববার (১ ফেব্রুয়ারি) দুপুর ১২টার দিকে রাজধানীর আগারগাঁও নির্বাচন ভবনে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

প্রতিনিধিদলে আরও ছিলেন বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা কাউন্সিলের সদস্য ইসমাইল জবিউল্লাহ, সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী আহমেদ এবং সাবেক নির্বাচন কমিশন সচিব ড. মোহাম্মদ জকরিয়া।

LENS ASIA